

# বনিক বার্তা

বনিক বার্তা, ১৮-১০-২০২৪, পৃষ্ঠা- অনলাইন

## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে শীতকালীন সেমিস্টারের নবীনবরণ অনুষ্ঠিত



ছবি : বিজ্ঞপ্তি থেকে

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের শীতকালীন সেমিস্টারের নবীনবরণ গতকাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে।

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের শীতকালীন সেমিস্টারের নবীনবরণ গতকাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে। এতে অতিথি হিসেবে যোগ দেন বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। এ সময় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শামস রহমান, উপ-উপাচার্য অধ্যাপক ড. এম আশিক মোসাদ্দিক, কোষাধ্যক্ষ এয়ার কমডোর (অব.) ইশফাক এলাহি চৌধুরী উপস্থিত ছিলেন। এছাড়া অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীসহ বিপুলসংখ্যক শিক্ষার্থী অংশ নেন।